গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

## খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সেপ্টেম্বর, ২০২১ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নুরুন্নবী<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২৬ সেপ্টেম্বর ২০২১ |
| সভার সময় | ১১.০০ টায় |
| স্থান | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে সকলকে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে কাজ করতে বলেন। করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলায় সকলকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন অনুসরণ করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সভার শুরুতে এ ব্যুরোর সার্বিক কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১। গত ২৪.০৮.২০২১ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

২। গত ২৪.০৮.২০২১ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ২.১ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ অগ্রগতি**<br><br>এপিএ বিষয়ক বিএমডির সহকারী ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী পরিচালক (ভূ-পদার্থ) জনাব মোঃ মাহফুজুর রহমান সভাকে অবহিত করেন যে, বিএমডির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ স্বাক্ষরিত হয়েছে। সভাপতি বলেন, চুক্তি অনুযায়ী বিএমডির আবশ্যিক ও দাপ্তরিক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। ফোকাল পয়েন্ট বলেন, ২০২১-২২ অর্থবছরে বিএমডির মোট রাজস্ব আদায়ের লক্ষমাত্রা হচ্ছে ৫২ কোটি ৩০ লক্ষ টাকা। প্রথম ত্রৈমাসিক অর্থাৎ সেপ্টেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত মোট ৩২,২৯,৮৪,২৪৩/- টাকার রাজস্ব অর্জিত হয়েছে। সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা ১৫ (পনের) টি। ইতোমধ্যে ০৫ (পাঁচ) টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ ব্যবস্থাপনা কার্যক্রমের আওতায় খনি ও কোয়ারি অনুসন্ধান এবং ইজারা প্রদানের লক্ষ্যমাত্রা ০৫ টি। ইতোমধ্যে হবিগঞ্জ জেলার ০২ (দুই) টি সিলিকা বালু কোয়ারি ইজারা প্রদান করা হয়েছে। | ক) রাজস্ব আদায় আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়;<br>খ) খনিজ সম্পদের অবৈধ উত্তোলন বন্ধে অধিক্ষেত্র অনুযায়ী টিমভিত্তিক সরেজমিন পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়;<br>গ) হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার সিলিকাবালু কোয়ারিসমূহ ইজারা প্রদানের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.২ | **তৃতীয় শ্রেণির কর্মচারী নিয়োগ**<br>সভাপতি নিয়োগ কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপপরিচালক জনাব মো: মামুনুর রশীদ বলেন, বিএমডির রাজস্বখাতভুক্ত তৃতীয় শ্রেণির কর্মচারীদের শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত ২৯.০৬.২০২১ তারিখ নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। কিন্তু বর্তমানে শূন্যপদ পূরণের ছাড়পত্রের মেয়াদ শেষ হওয়ায় গত ৩০ জুন, ২০২১ তারিখ শূন্যপদ পূরণের ছাড়পত্রের জন্য পুনরায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়। উপপরিচালক জানান, আবেদন দাখিলের শেষ সময় ছিল ০৮.০৮.২০২১ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে আবেদন জমা পড়েছে ৩৮৬৪ টি। বিজ্ঞপ্তিতে আবেদনের সাথে আবেদন ফিবাবদ ১১২/- জমার দেওয়ার বিধান ছিল। আবেদানুযায়ী পরীক্ষার ফিবাবদ ৩,৮৬,৪০০/- (তিন লক্ষ ছিয়াশি হাজার চারশত) টাকা জমা হয়েছে যা টেলিটক বাংলাদেশ লি. ২৬.০৮.২০২১ তারিখ মহাপরিচালক বিএমডি বরাবর চেক প্রেরণ করে। প্রাপ্ত চেকের টাকা ইতোমধ্যে সরকারী কোষাগারে ১-৪২৪১-০০০০-২৬৮১ কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়। সভাপতি বলেন, শূন্যপদ পূরণের ছাড়পত্র পাওয়া গেলে দ্রুত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সকল বিধিবিধান প্রতিপালনপূর্বক স্বচ্ছভাবে নিয়োগ সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সকল বিধিবিধান প্রতিপালন করতে হবে।<br>(খ) নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২০২২-এর প্রথম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি**<br><br>সভাপতি বিএমডির ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জানতে চাইলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী পরিচালক (ভূতত্ত্ব), মোসাঃ মাহবুবা খাতুন জানান, বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে ৩১ আগস্ট ২০২১ তারিখ নৈতিকতা কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। প্রথম কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা ছিল সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে সভা আহ্বান, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, ২০২১-২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ, অবৈধ খনিজ সম্পদ উত্তোলন বন্ধে সরেজমিন কোয়ারি পরিদর্শন, আউটসোসিং-এ সরবরাহকৃত জনবলকে ব্যাংকিং প্রক্রিয়ায় বেতন পরিশোধ ইত্যাদি। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে যথাসময়ে প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়েই বিএমডির ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সহকারী পরিচালক (ভূতত্ত্ব)/সহকারী পরিচালক (ভূ-রসায়ন) |
| ২.৪ | **২০২০-২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন অগ্রগতি**<br><br>খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী বার্ষিক প্রতিবেদন, ২০২০-২১ প্রনয়নের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে সভাপতি ১৫ আগস্ট ২০২১ তারিখ পরিচালককে আহ্বায়ক এবং সহকারী পরিচালক (ভূতত্ত্ব) মোসাঃ মাহবুবা খাতুনকে সদস্য সচিব করে ০৫ (পাঁচ) সদস্যের একটি কমিটি গঠন করেন। কমিটিকে ১০ (দশ) দিনের মধ্যে খসড়া প্রতিবেদন জমা দেওয়া জন্য নির্দেশনা প্রদান করা হয়। সদস্য সচিব জানান, নির্ধারিত সময়ের মধ্যে খসড়া বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করে মহাপরিচালক বরাবর দাখিল করা হয়েছে। সভাপতি, ক্রয় কর্মকর্তাকে বার্ষিক প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে প্রাক্কলিত দর যাচাই এবং কোটেশন আহ্বানের কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন। | ২০২০-২১ অর্থবছরের বিএমডির বার্ষিক প্রতিবেদন প্রনয়নের লক্ষ্যে কোটেশন আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.৫ | **ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২**<br>বিএমডির ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী ডিজিটাল সেবা ও সেবা সহজীকরণের বিষয়ে দপ্তরের সকলের কাছে আইডিয়া জমা দেওয়ার জন্য বলা যেতে পারে বলে মত প্রকাশ করেন ফোকাল পয়েন্ট কর্মকর্তা। এছাড়া, ০৪ টি প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা রয়েছে। সভাপতি নিদেশনা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | ক) বিএমডির সকল কর্মকর্তা-কর্মচারীর কাছে আইডিয়া গ্রহণ করতে হবে;<br>খ) কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সকল লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | সহকারী পরিচালক (ভূ-রসায়ন) |

| | | | |
|---|---|---|---|
| ২.৬ | **সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনা, ২০২১-২২**<br>সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনা, ২০২১-২২ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, উল্লেখিত কর্মপরিকল্পনাসমূহের নির্ধারিত কিছুকাযক্রম যেমন: প্রশিক্ষণ আয়োজন, অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ সভা ত্রৈমাসিক সভা ইত্যাদি ইতোমধ্যে আয়োজন সম্পন্ন হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে সকল ত্রৈমাসিক পরীক্ষণ প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক (ভূতত্ত্ব)/সহকারী পরিচালক (ভূ-রসায়ন) |
| ২.৭ | **ইন-হাউজ প্রশিক্ষণ**<br>দপ্তরের কর্ম পরিবেশ উন্নয়ন এবং কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সহকারী পরিচালক ভূতত্ত্ব জানান, এপিএ এর আওতায় যে প্রশিক্ষণগুলো আয়োজনের নির্দেশনা রয়েছে সেগুলো ইতোমধ্যে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভাপতি যোগদানকৃত নতুন কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিষয়ভিত্তিক কিছু প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত প্রশিক্ষণগুলো যথাসময়ের মধ্যে আয়োজন করতে হবে। | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) |

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নুরুন্নবী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.০৬.০০৮.১৮.৩৭০

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৮
২৮ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে
১) পরিচালক, পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৬) তৃতীয় শ্রেণির কর্মচারী (সকল).................................বিএমডি, ঢাকা;
৭) পি.এ টু মহাপরিচালক বিএমডি, ঢাকা;
৮) মাষ্টার কপি/সম্লিষ্ট নথি।

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)